

# খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩

স্মারক নং : খুপ্রবি/শিক্ষা/

তারিখ : .....

## বিজ্ঞপ্তি

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০১৬-২০১৭ শিক্ষা বর্ষে প্রথম বর্ষে অধ্যয়নরত ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, "আরিফ আহমেদ বৃত্তি" এর বৃত্তি প্রদানের নিমিত্তে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে উল্লেখিত বিভাগের ১ (এক) জন শিক্ষার্থীকে বৃত্তি প্রদান করা হবে। আগ্রহী শিক্ষার্থীদেরকে নির্ধারিত ফরমে (যাহা শিক্ষা শাখায় থেকে সরবরাহ করা হবে) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা পৌরসভার ওয়ার্ড কমিশনার কর্তৃক অভিভাবকের আয়ের সনদপত্রসহ এ্যাডভাইজার, হল প্রভোস্ট ও বিভাগীয় প্রধানের মাধ্যমে আবেদনপত্র আগামী ০৯/০৫/২০১৭ইং তারিখের মধ্যে শিক্ষা শাখায় জমা দেয়ার জন্য বলা যাচ্ছে।

### শর্ত সমূহ :

- ০১) প্রার্থীকে অবশ্যই গরীব ছাত্র/ছাত্রী হতে হবে।
- ০২) পড়াশুনার সন্তোষজনক অগ্রগতি সাপেক্ষে এই বৃত্তি প্রদান করা হবে।
- ০৩) আবেদনকারীর বিরুদ্ধে আইন শৃংখলার পরিপন্থী কোন কাজের সাথে জড়িত থাকার অভিযোগ পাওয়া গেলে আবেদনপত্র/বৃত্তি বিনা নোটিশেই বাতিল হবে।
- ০৪) প্রাথমিকভাবে একটি টার্মের জন্য এই বৃত্তি প্রদান করা হবে, যা সন্তোষজনক ফলাফলের উপর ভিত্তি করে (কমপক্ষে জিপিএ ৩.০০) ৪র্থ বর্ষ পর্যন্ত নিয়মিত টার্ম গুলোতে অব্যাহত থাকবে।
- ০৫) বৃত্তি প্রদানের জন্য অনুমোদিত নীতিমালা অনুযায়ী বৃত্তি বন্টন করা হবে।
- ০৬) প্রতি মাসে বৃত্তির পরিমাণ হবে ২৫০০/- (দুই হাজার পাঁচশত টাকা) এবং বই ও আনুসঙ্গিক উপকরণ কেনার জন্য প্রতি টার্মে এককালীন ১০০০/- (এক হাজার টাকা মাত্র) প্রদান করা হবে।
- ০৭) বৃত্তি প্রাপ্ত ছাত্র/ছাত্রীদের আরিফ আহমেদ বৃত্তির যাবতীয় আইন কানুন মেনে চলতে হবে।

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)  
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

স্মারক নং : খুপ্রবি/শিক্ষা/

তারিখ :

### অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থার জন্য দেয়া হলো :

- ০১) ডীন, তওই অনুযদ, অত্র বিশ্ববিদ্যালয়।
- ০২) বিভাগীয় প্রধান, তওই কৌশল, অত্র বিশ্ববিদ্যালয়। তাঁর বিভাগের প্রথম বর্ষের ছাত্র/ছাত্রীদের মধ্যে প্রচারের অনুরোধসহ।
- ০৩) সকল হল প্রভোস্ট, অত্র বিশ্ববিদ্যালয়। সকল ছাত্র/ছাত্রীদের মধ্যে প্রচারের অনুরোধসহ।
- ০৪) চেয়ারম্যান, কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার, অত্র বিশ্ববিদ্যালয়। (বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)
- ০৫) সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।
- ০৬) নথি।

ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা)

ও

সচিব,

আরিফ আহমেদ বৃত্তি ফাউ

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়